

# মায়ের চেয়ে আপন কেহ নাই



।। ইত্তেফাক রিপোর্ট ।।

মা! এ ধ্বনি স্বর্গীয় পুণ্যতায় হৃদয়-মন প্লাবিত করে তোলে। অমিয় সুধায় ভেসে যায় প্রাণ। ত্রি-ভুবনের সবচেয়ে মধুরতম শব্দ। 'মা কথাটি ছোট অতি' কিন্তু মা-ই বসুন্ধরা- মমতার আধার। তার সহজাত মমত্ব, সর্বসহা হৃদয় সন্তানকে আগলে রাখে অকৃত্রিম দরদে। মহান আলাহতায়ালার সেরা সৃষ্টি মা। তার মত আপন কেউ নেই। ইংরেজ কবি রবার্ট ব্রাউনিং বলেছেন, 'মাতৃত্বই সকল মায়্যা-মমতা ও ভালবাসার শুরু এবং শেষ।' ইসলাম মাকেই দিয়েছে সর্বোচ্চ সম্মান, মহামর্যাদা। কুরআনের সূরা বনী ইসরাইলে আলাহপাক বলেছেন, "তোমার রব আদেশ করেন যে, তাকে ছাড়া অন্য কারো ইবাদত করো না এবং মাতা-পিতার সঙ্গে সদ্ব্যবহার কর। তাদের মধ্যে কেউবা উভয়েই যদি তোমার জীবদ্দশায় বার্ধক্যে উপনীত হন, তবে তাদের সঙ্গে ভদ্র ব্যবহার কর এবং (বিরক্ত হয়ে) তাদের প্রতি 'উহ্' শব্দটি পর্যন্ত উচ্চারণ করো না। তাদের সম্মুখে নম্রভাবে কথা বল এবং বল : হে আলাহ! তাদের উভয়ের প্রতি রহমতবর্ষণ কর যেমন তারা শৈশবকালে আমাকে লালন-পালন করেছেন।' ইসলামের শেষ নবী হযরত মোহাম্মদ (সঃ) স্পষ্টভাবে ঘোষণা করেছেন, 'মায়ের পদতলে সন্তানের বেহেশত।' মহান আলাহ পাক মা'দের অন্তরে সন্তানের প্রতি সৃষ্টি করেছেন এক পরম মমত্ববোধ। সন্তান গর্ভে ধারণ করা থেকে অপরিসীম কষ্ট-যন্ত্রণা ভোগের পর প্রসব। অতঃপর সন্তানের মুখে 'মা' ডাক তাকে ভুলিয়ে দেয় দীর্ঘ দিবস-রজনীর সেই অসীম যাতনা। আজ বিশ্ব মা দিবস। বিশ্বের কৃতজ্ঞ সন্তানরা আজ দিবসটিকে পালন করবে নানা মাত্রায়।

প্রতিবছর মে মাসের দ্বিতীয় রবিবার বিশ্বব্যাপী মা দিবস পালিত হয়। সময়টা আজ থেকে দেড়শ' বছর আগের। সপ্তাহের প্রতি রবিবারের সকালটা অ্যানা জারভিসের জন্য একদম অন্যরকম। নিজের প্রতিষ্ঠিত সানডে স্কুলে বাচ্চাদের দিতেন বাইবেল পাঠ। বাচ্চাদের দিকে তাকিয়ে এক অদ্ভুত অনুভূতি হতো তার নিজের। এদের মুখাবয়বে খুঁজে পেতেন নিজ মায়ের মুখ। ভালবাসা আর শ্রদ্ধায় বিনম্র হতে ইচ্ছে করত মায়ের প্রতি। এ বোধ থেকেই ১৯০৫ সালে মাকে ভালবাসা ও সম্মান জানাতে প্রবর্তন হয় মাদার্স ডে বা মা দিবসের। জানা যায়, ১৯০৮ সালের ১০মে পূর্ব ভার্জিনিয়ার গ্রাফইনের গির্জায় 'মা দিবস' আনুষ্ঠানিকভাবে পালন শুরু হয়। ১৯১১ সাল থেকে যুক্তরাষ্ট্রের প্রতিটি রাজ্যে 'মা দিবস' পালনের ঘোষণা দেয়া হয়। ১৯১৪ সালের ৮মে মার্কিন কংগ্রেস মে মাসের দ্বিতীয় রবিবারকে 'মা দিবস' হিসাবে ঘোষণা করে। সেই থেকে বিশ্বব্যাপী পালিত হচ্ছে 'মা দিবস'। অবশ্য ব্যতিক্রমভাবে ব্রিটেনে দিবসটি পালিত হয় মার্চ মাসে। ফ্রান্স ও সুইডেনে পালিত হয় মে মাসের শেষ রবিবার। তবে যুক্তরাষ্ট্রের 'মা দিবস' এখন 'বিশ্ব মা দিবস'-এর মর্যাদা লাভ করেছে। এরই ধারাবাহিকতায় আমেরিকার সঙ্গে এবার ১১মে 'মা দিবস'টি পালন করবে বাংলাদেশ, অস্ট্রেলিয়া, ব্রাজিল, কানাডা, চীন, রাশিয়া, জার্মানিসহ ৪০টি দেশ। দিবসটি উপলক্ষে বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক সংগঠন বিস্তারিত কর্মসূচি হাতে নিয়েছে।